



## প্রথমবার প্রকাশ্যে আইআরজিসি প্রধান আহমেদ ভাহিদি



আইআরজিসি প্রধান আহমেদ ভাহিদি। ছবি: সংগৃহীত

ইরানের ইসলামিক রেভলুশনারি গার্ড কর্পসের (আইআরজিসি) প্রধানের দায়িত্ব নেওয়ার পর প্রথমবারের মতো জনসমক্ষে দেখা গেছে আহমেদ ভাহিদিকে। ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির প্রতি শেষ শ্রদ্ধা জানানোতে তেহরানের ইমাম খোমেনি হোসাইনিয়ায় তিনি উপস্থিত হন।

শুক্রবার (৩ জুলাই) এনবিসি নিউজের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। অনুষ্ঠানে আইআরজিসির আরও কয়েকজন জ্যেষ্ঠ সামরিক কর্মকর্তা উপস্থিত ছিলেন। প্রতিবেদন অনুযায়ী, চলতি বছরের ২৮ ফেব্রুয়ারি ইসরায়েল ও যুক্তরাষ্ট্রের যৌথ হামলায় তৎকালীন আইআরজিসি প্রধান জেনারেল মোহাম্মদ পাকপৌর নিহত হওয়ার পর আহমেদ ভাহিদির হাতে বাহিনীটির নেতৃত্ব আসে। দায়িত্ব গ্রহণের পর নিরাপত্তাজনিত কারণে তিনি প্রকাশ্যে খুব একটা দেখা দেননি।

অন্যদিকে, খামেনির শেষ বিদায় অনুষ্ঠানে বিপুল মানুষের উপস্থিতি লক্ষ্য করা গেছে। অ্যাসোসিয়েটেড প্রেস ও গেটি ইমেজেস প্রকাশিত ছবিতে দেখা যায়, মরদেহবাহী কফিন ঘিরে হাজারো মানুষ শেষ শ্রদ্ধা জানাচ্ছেন। অনেককে শোকাহত অবস্থায় কান্নায় ভেঙে পড়তেও দেখা যায়।